যুগান্তর

তারিখ ..... 20 APR 2017
পৃষ্ঠা ...... কলাম ......

# গাজীপুরে বাল্যবিয়ে রোধে বয়স যাচাই মোবাইল অ্যাপস চালু

**গাজীপুর প্রতিনিধি**

বাল্যবিয়ে রোধ করার লক্ষ্যে মোবাইল অ্যাপসের মাধ্যমে বয়স যাচাই ও বিয়ে নিবন্ধন করার একটি প্রকল্প আনুষ্ঠানিকভাবে উদ্বোধন করা হয়েছে। বুধবার দুপুরে গাজীপুরে প্রকল্পটি উদ্বোধন করেন মহিলা ও শিশুবিষয়ক মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী মেহের আফরোজ চুমকি এমপি। প্রধানমন্ত্রীর কার্যালয়, কুড়িগ্রাম জেলা ও গাজীপুর জেলা থেকে ভিডিও কনফারেন্সের মাধ্যমে প্রকল্পের উদ্বোধন করা হয়। অ্যাপসটি ব্যবহার করে *১৬১০০# এ নাম্বারে মেসেজের মাধ্যমে বর ও কনের বয়স জানা যাবে। 'যদি মেয়ের বয়স ১৮ আর ছেলের বয়স ২১ আজ, যাচাই শেষে করুন বিয়ে নিবন্ধনের কাজ' প্রতিপাদ্যকে সামনে রেখে পাইলট প্রকল্প হিসেবে এ প্রকল্প হাতে নেয়া হয়েছে। এ উপলক্ষে গাজীপুর জেলা প্রশাসকের কার্যালয়ের ভাওয়াল সম্মেলন কক্ষে আয়োজিত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন মহিলা ও শিশুবিষয়ক মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব মিজানুর রহমান, জেলা প্রশাসক এসএম আলম, অতিরিক্তি জেলা ম্যাজিস্ট্রেট রাহেনুল ইসলাম, অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) ফারজানা মান্নান, অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা) ইফতেখার উদ্দিন আহমেদ, গাজীপুর মহানগর আওয়ামী লীগের সহ-সভাপতি অ্যাডভোকেট ওয়াজ উদ্দিন মিয়া প্রমুখ।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং.................................
তারিখ.................................

| | |
|---|---|
| চীফ, পরিসংখ্যান বিভাগ | |
| চীফ, ডি.এল.পি বিভাগ | |
| সিস্টেম এনালিষ্ট | |
| সিস্টেম ম্যানেজার | |
| প্রশাসনিক কর্মকর্তা | |
| পি.এ. | |

কার্যার্থে/জ্ঞাতার্থে

স্বাক্ষর